ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
মাদরাসা পরিদর্শন দফতর
বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।
www.iau.edu.bd iauins13@gmail.com

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/বরি-০২/২০১৫/১৫৯৪৫ তারিখ: ০১ কার্তিক ১৪৩৩ / ১৭ অক্টোবর ২০২৬

অফিস আদেশ

লোহালিয়া ইসলামিয়া ফাজিল মাদরাসা, ডাকঘর: লোহালিয়া, উপজেলা: পটুয়াখালী, জেলা: পটুয়াখালী-এর ফাজিল স্নাতক (পাস) বিএ স্তরের অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষ মহোদয়ের ২৮-০৪-২০২৬ তারিখের দাখিলকৃত আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত তৃতীয় সংবিধি ২০২৩ অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট পরিদর্শন টিমের দাখিলকৃত প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে মাদরাসাটির ফাজিল স্নাতক (পাস) বিএ স্তর নিম্নবর্ণিত শর্তে ২৭-০৪-২০২৬ থেকে ২৬-০৪-২০৩০ তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন প্রদান করা হলো:

শর্তসমূহ :

১. মাদরাসার ফাজিল স্তরের শিক্ষার্থী সংখ্যা বৃদ্ধিসহ ফলাফল অধিকতর সন্তোষজনক হতে হবে এবং মাদরাসার সাইনবোর্ড ও প্যাডে বাংলা নামের পাশাপাশি আরবিতে মাদরাসার নাম এবং "ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত" কথাটি লিখতে হবে;

২. দ্রুততম সময়ের মধ্যে নতুন ভবন/কক্ষ বৃদ্ধির ব্যবস্থা গ্রহণের পাশাপাশি ক্লাসরুমে পর্যাপ্ত আলো-বাতাসের ব্যবস্থাসহ সেগুলো পরিস্কার পরিচ্ছন্ন রাখতে হবে;

৩. মাদরাসার বাউন্ডারি ওয়ালের ব্যবস্থা গ্রহণসহ ভাইস প্রিন্সিপালের জন্য আলাদা কক্ষের ব্যবস্থা করতে হবে এবং শিক্ষকদের বিভিন্ন বিষয়ের ওপর প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করতে হবে;

৪. হোস্টেলে ছাত্র সংখ্যা বৃদ্ধিসহ ডিবেট ক্লাব ও ল্যাংগুয়েজ ক্লাব গঠন করতে হবে এবং অ্যালামনাই অ্যাসোসিয়েশন মাধ্যমে প্রতিষ্ঠানের ৭৫ বছর উপলক্ষ্যে একটি হিরক জয়ন্তী অনুষ্ঠানের আয়োজন করতে হবে;

৫. মাদরাসার ছাত্র-শিক্ষক মিলনায়তন/অডিটোরিয়ামকে আরও সুসজ্জিত করত: কম্পিউটার ল্যাব স্থাপন, ডিজিটাল হাজিরা, শিক্ষার্থীদের জন্য ড্রেস কোড, আইডি কার্ড ও মাদরাসায় সিসি টিভি, আইপিএস-এর ব্যবহার শতভাগ নিশ্চিত করতে হবে;

৬. আর্থিক সকল কার্যক্রম ফাইল নোটের মাধ্যমে করত: প্রতিষ্ঠানের সকল আয়-ব্যয় অডিট কমিটি কর্তৃক নিরীক্ষা শেষে যথাসময়ে গর্ভনিং বডির অনুমোদন নিতে হবে এবং ছুটির রেজিস্টার খাতা রক্ষণাবেক্ষণসহ শিক্ষক ও কর্মচারীগণের ছুটির আবেদনপত্র ও ব্যক্তিগত ফাইল যথাযথভাবে সংরক্ষণ করতে হবে;

৭. কুরআন শিক্ষার ওপর গুরুত্ব দেওয়ার পাশাপাশি শিক্ষার্থীদেরকে আদব-আমল-আখলাক শেখানোসহ কো-কারিকুলার একটিভিটিজ তথা সাপ্তাহিক জলসা, কেরাত, হামদ-নাত, বক্তৃতা (বাংলা, আরবি, ইংরেজি), ক্যালিওগ্রাফি, সাহিত্য চর্চা, প্রবন্ধ, রচনা, কবিতা, নাটিকা, বার্ষিকী প্রকাশ, বিতর্ক, হিওয়ার, ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা ইত্যাদি বিষয়ের ওপর বিশেষ গুরুত্ব দিতে হবে;

৮. দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের জন্য শিক্ষাবৃত্তির ব্যবস্থা করত: প্রতি তিনমাস পরপর অভিভাবক সমাবেশ করতে হবে;

৯. অধিভুক্তি নবায়নের মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে;

ভাইস চ্যান্সেলরের অনুমোদনক্রমে

১৭/১০/২৬

(প্রফেসর ড. হুসাইন আহমাদ)
মাদরাসা পরিদর্শক (অ.দা)
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

অধ্যক্ষ, লোহালিয়া ইসলামিয়া ফাজিল মাদরাসা
ডাকঘর: লোহালিয়া, উপজেলা: পটুয়াখালী, জেলা: পটুয়াখালী।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/বরি-০২/২০১৫/১৫৯৪৫ তারিখ: ০১ কার্তিক ১৪৩৩ / ১৭ অক্টোবর ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

১. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশীবাজার, ঢাকা-১২১১।
৩. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (অধিভুক্তি কমিটি ও একাডেমিক কাউন্সিল সভায় রিপোর্ট করার জন্য)।
৪. ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব (দায়িত্বপ্রাপ্ত), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৬. সভাপতি, লোহালিয়া ইসলামিয়া ফাজিল মাদরাসা, ডাকঘর: লোহালিয়া, উপজেলা: পটুয়াখালী, জেলা: পটুয়াখালী।
৭. অফিস নথি।

17.10.2026

(আরিফ আহমদ)
সহকারী মাদরাসা পরিদর্শক
মোবাইল: ০১৭১৯ ৯৫০৭৭৫